সংবাদ

তারিখ ... 24 JUN 1985 ...
পৃষ্ঠা ... ... ... ... কলাম ... ... ...

005

# ৬শ' বেসরকারী প্রাথমিক স্কুলের উন্নয়নে ৫১ লাখ ৩০ হাজার টাকা মঞ্জুর

সরকার প্রাথমিক শিক্ষকদের জাতীয় সাক্ষরতা অভিযানে অংশ গ্রহণে উদ্বুদ্ধকরণ, প্রাথমিক স্কুলে ছাত্রসংখ্যা বৃদ্ধি এবং তাদেরকে স্কুলে ধরে রাখার লক্ষ্যে দেশের ৬শ' বেসরকারী প্রাথমিক স্কুলের শিক্ষকদের বেতন অনুদান, স্কুলের উন্নয়ন ও সংস্কার সাধনের জন্যে ৫১ লাখ ৩০ হাজার টাকা মঞ্জুর করেছেন। এ অর্থ কৃষি ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হবে।

গতকাল রোববার শিক্ষা ভবনে এক অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষা মহাপরিচালক ডঃ জেড আই ভুইয়া আনুষ্ঠানিকভাবে ৫১ লাখ ৩০ হাজার টাকার চেক কৃষি ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেন। কৃষি ব্যাংকের পক্ষে চেক গ্রহণ করেন ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব আবু সালেহ।

এ সরকারী মঞ্জুরি থেকে প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষকগণ চলতি বছরের মার্চ, এপ্রিল ও মে--এই তিন মাসের জন্য মাসিক ২৫০ টাকা হারে সরকারী অনুদান পাবেন। তিনজন সহকারী শিক্ষক মাসিক ২০০ টাকা হারে অনুদান পাবেন। তাছাড়া নির্বাচিত ৬শ' বেসরকারী প্রাথমিক স্কুল উন্নয়ন ও সংস্কার সাধনের জন্যে ৬ হাজার টাকা এককালীন মঞ্জুরি পাবে।

প্রত্যেক স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান ও প্রধান শিক্ষক যৌথভাবে অঙ্গীকারপত্রে স্বাক্ষরের পর এই টাকা ব্যাংক থেকে তুলতে পারবেন। উভয়ের যৌথ স্বাক্ষরে এই টাকা উত্তোলন করা যাবে।

যেসব শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত ম্যানেজিং কমিটি নেই সেসব শিক্ষা প্রতিষ্ঠান এলাকার উপজেলা শিক্ষা অফিসার এই অনুদান ও মঞ্জুরির টাকা গ্রহণ করবেন এবং ম্যানেজিং কমিটি গঠনের পর তা যথাযথভাবে বিলি-বণ্টনের ব্যবস্থা করবেন। খবর তথ্য বিবরণীর।